



মাসিক

# দুর্দক বার্তা

☎ 9353004-8 | ✉ info@acc.org.bd | 🌐 www.acc.org.bd

৯ম বর্ষ ☉ ৩৭তম সংখ্যা ☉ মার্চ-আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ ☉ চৈত্র-ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ

এক নজরে

📝 সম্পাদকীয়

📁 দায়েরকৃত  
উল্লেখযোগ্য মামলা

📞 হট লাইনভিত্তিক  
অভিযান

👤 প্রশিক্ষণ

🔨 বিচার ও দণ্ড

👥 সভা-গণশুনানি  
অভিযান কর্মসূচি

## সম্পাদকীয়

করোনা মহামারি দুর্দকের তিনজন প্রতিশ্রুতিশীল কর্মকর্তা-কর্মচারীর মূল্যবান জীবন কেড়ে নিয়েছে। দুর্দক প্রশাসন অনুবিভাগের পরিচালক জালাল সাইফুর রহমান গত ০৬ এপ্রিল করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। এর পর ০৯ মে মারা যান দুর্দকের প্রধান সহকারী মোঃ খলিলুর রহমান এবং সর্বশেষ গত ১৫ আগস্ট করোনা আক্রান্ত হয়ে মারা যান মোঃ আবু ইউছুফ সরকার। কমিশন এসব কর্মকর্তা-কর্মচারীর অকাল প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছে। সৎ, কর্তব্যপারায়ন, সদালাপী ও কর্মঠ এসব কর্মীদের মৃত্যুতে দুর্দক বার্তার পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হচ্ছে। আমরা মর্মান্বিত, বেদনার্ত ও শোকার্ত।

মহামারীর এই কঠিন সময়েও দুর্দক অবিচল রয়েছে আইনি দায়িত্ব পালনে। তাইতো এপ্রিল-মে মাসে সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির খাদ্যবান্ধব কার্যক্রমের বিভিন্ন অনিয়ম-দুর্নীতির অভিযোগে ২০ টিরও বেশি মামলা দায়ের করেছে দুর্দক। এসব মামলায় বেশকিছু আসামিকে গ্রেফতারও করা হয়েছে। ত্রাণ কার্যক্রম শুরু হওয়ার প্রারম্ভেই দুর্দক থেকে ত্রাণ কার্যক্রমে অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করা হয়েছিল। তারপরও কতিপয় ব্যক্তির সীমাহীন লোভের কারণে কিছু অনিয়ম-দুর্নীতি কিংবা স্বজন-প্রীতির ঘটনা ঘটেছে। কমিশনের নজরে আসা প্রতিটি অভিযোগ আইন-আমলে নেওয়া হয়েছে। অপরাধীদের শাস্তিকল্পে কমিশন আইনি পদক্ষেপ দৃঢ়ভাবে অনুসরণ করছে।

করোনাকালে ত্রাণের পাশাপাশি স্বাস্থ্যখাতেও দুর্নীতির ব্যাপক অভিযোগ পায় কমিশন। মাস্কসহ স্বাস্থ্যখাতে বিভিন্ন সরঞ্জাম ক্রয়, সরবরাহ ও বিতরণে দুর্নীতির অভিযোগ কমিশনের নজরে আসে। এমনকি করোনা টেস্টের নামে জনগণের অর্থ আত্মসাতের অভিযোগও পায় কমিশন। প্রতিটি অভিযোগ আমলে নিয়ে একাধিক টিমের মাধ্যমে অভিযোগগুলোর অনুসন্ধান করে কমিশন। এসব অনুসন্ধান প্রতিবেদনের আলোকেই ইতোমধ্যেই একাধিক মামলা দায়ের করা হয়েছে। মামলাগুলোর তদন্তও শুরু হয়েছে। আসামি গ্রেফতার করা হয়েছে। অপরাধ সৃষ্টিস্থলের জিজ্ঞাসাবাদ করেছেন তদন্ত কর্মকর্তারা।

কমিশনের বার্তা পরিষ্কার দুর্নীতির সাথে সংশ্লিষ্ট কাউকেই ছাড় দেওয়া হবে না। ব্যক্তির সামাজিক, পেশাগত, ধর্মীয়, আঞ্চলিকসহ কোনো পরিচয়ই কমিশনের কাছে ন্যূনতম গুরুত্ব বহন করে না। অপরাধ এবং অপরাধী চিহ্নিত করে তাদেরকে আইনের মুখোমুখি হতে হবে।



নির্বাহী সম্পাদক: দুর্নীতি দমন কমিশন,  
প্রধান কার্যালয়, ১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০  
☎ 9353004-8 | ✉ info@acc.org.bd | 🌐 www.acc.org.bd

👍 Like us on  
**Facebook**  
facebook.com/acc.org.bd

**১০৬**  
নথরে ফ্রি কল করুন

# দায়েরকৃত উল্লেখযোগ্য কয়েকটি মামলা

কমিশন মার্চ-আগস্ট/২০২০ মাসে ক্ষমতার অপব্যবহার, অর্থ আত্মসাৎ, জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগে ৭৮টি মামলা দায়ের করেছে। উল্লেখযোগ্য কতিপয় মামলার বিবরণ:

আসামির পরিচিতি	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
মোঃ জাহাঙ্গীর আলম, সাবেক চেয়ারম্যান, বেরাইদ ইউনিয়ন পরিষদ, বাজড়া, ঢাকা।	দুর্নীতি দমন কমিশনে দাখিলকৃত সম্পদ বিবরণীতে ১১,৭০,৩৯,৪২৭/- টাকার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জন।
ডা. তওহীদুর রহমান, সাবেক সিভিল সার্জন, সাতক্ষীরা ও সাবেক অধ্যক্ষ, সাতক্ষীরা মেডিকেল অ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল এবং ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি), সাতক্ষীরা (অব:) ও অন্যান্য ০৪ জন।	মালামাল ক্রয়ে অতিরিক্ত মূল্য দেখিয়ে সরকারি ৮৮,৫৪,২১০/- টাকা আত্মসাৎ।
মোঃ সাহেদ, চেয়ারম্যান, রিজেন্ট হাসপাতাল লিঃ, লালবাগ, ঢাকা ও অন্যান্য ০৩ জন।	পরস্পর যোগসাজশে জাল-জালিয়াতি ও ভুয়া কাগজপত্র জামানত দিয়ে ১,৫১,৮১,৩৬৫/- টাকা ঋণ গ্রহণপূর্বক আত্মসাৎ।
মাহবুবুল হক চিশতী, ওরফে বাবুল চিশতী, থানা-বকশিগঞ্জ, জেলা-জামালপুর ও অন্যান্য ০৩ জন।	পদ্মা ব্যাংক (দি ফার্মাস ব্যাংক) লিঃ গুলশান কর্পোরেট শাখা হতে ২,৭১,০০,০০০/- টাকা আত্মসাৎ।



## অভিযোগ কেন্দ্র (১০৬) ভিত্তিক অভিযান

কমিশন মার্চ-আগস্ট/২০২০ মাসে ২টি অভিযান পরিচালনা করে।

অভিযানের সংখ্যা	অভিযানভুক্ত কতিপয় দপ্তর/প্রতিষ্ঠান
২টি	<p>দুদক অভিযোগ কেন্দ্র ১০৬-এ অভিযোগ: চট্টগ্রামে করোনাকালে (লকডাউন সময়ে) ভুতুড়ে বিদ্যুৎ বিল, দুদকের হস্তক্ষেপে বিল সংশোধন।</p> <p>দুদক অভিযোগ কেন্দ্র-১০৬ এ জনৈক অভিযোগকারী অভিযোগ করেন যে, করোনাকালীন লক ডাউন সময়ে তার দোকানের মিটার রিডিং না দেখে ভুতুড়ে বিল প্রদান করা হয়েছে। অভিযোগ আমলে নিয়ে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সাউথ জোনকে অভিযোগের ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র প্রদান করে দুদক এনফোর্সমেন্ট ইউনিট। ঐ পত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট দপ্তর অভিযোগটি খতিয়ে দেখার সিদ্ধান্ত নেয়। দপ্তরটি নিশ্চিত হয় করোনাকালীন (কোভিড-১৯) সময়ে অভিযোগকারীর ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ থাকলেও দায়িত্বপ্রাপ্ত মিটার রিডার মিটার রিডিং না নিয়েই ভুতুড়ে বিল প্রস্তুত করেছেন। এ ব্যাপারে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চট্টগ্রামের পাথরঘাটা অফিস-অভিযোগকারীর সাথে দ্রুত যোগাযোগ করে তার অতিরিক্ত বিল কমিয়ে বিল সংশোধন করে এবং এরকম অনিচ্ছাকৃত ভুল ভবিষ্যতে আর ঘটবে না মর্মে প্রতিশ্রুতি প্রদান করে।</p> <p>আপরদিকে বাংলাদেশ কৃষি ব্যাংক, কাটাবাড়ি শাখা, গাইবান্ধাতে বয়স্ক ভাতার হিসাব খোলার জন্য ব্যাংকের একজন পিয়ন কর্তৃক নির্ধারিত ফি ১০ টাকার পরিবর্তে ১১০ টাকা নেওয়ার অভিযোগ গৃহীত হয় দুদক অভিযোগ কেন্দ্রে। গৃহীত অভিযোগের প্রেক্ষিতে দুদক এনফোর্সমেন্ট ইউনিট থেকে ব্যাংকের সংশ্লিষ্ট শাখা ম্যানেজার সাথে টেলিফোনিক আলোচনায় দ্রুত অভিযোগের ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। দুদকের টেলিফোনিক নির্দেশনা আমলে নিয়ে অভিযুক্ত পিয়নকে তাৎক্ষণিক বদলি ও ভবিষ্যতে এ ধরনের কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য কঠোরভাবে সতর্ক করা হয়।</p>

# প্রশিক্ষণ

মার্চ-আগস্ট/২০২০ মাসে কমিশনের ৮৪জন কর্মকর্তাদের অনলাইনে প্রশিক্ষণের আয়োজন করা হয়।

প্রশিক্ষণ কর্মসূচির সংখ্যা	প্রশিক্ষণের নাম	প্রশিক্ষণের স্থান	প্রশিক্ষণার্থীদের সংখ্যা
০১.	জ্ঞাত আয় বহির্ভূত সম্পদের অনুসন্ধান ও তদন্তের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশিকা।	দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	৩১ জন
০২.	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ	দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	১৯ জন
০৩.	Combating Criminal Dark Web Market places During the COVID 19 Pandemic শীর্ষক অনলাইন প্রশিক্ষণ।	দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।	৯ জন
০৪.	Virtual Workshop on "Dismantling Criminal Networks: Investigating Business Email Compromise (BEC) Schemes"	U.S. Embassy, Dhaka.	২৫ জন

## গুরুত্বপূর্ণ মামলার বিচার ও দণ্ড

মার্চ-আগস্ট মাসে ১৩টি মামলা বিচারিক আদালতে রায় হয়েছে। এর মধ্যে ১২টি মামলায় সাজা হয়েছে। সাজা হওয়া উল্লেখযোগ্য কতিপয় মামলা।

আসামির পরিচিতি	বিচারিক আদালতের রায়ের সংক্ষিপ্ত বিবরণ
মোঃ মোজাহার আলী, সাবেক ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, উত্তরখান শাখা, ঢাকাসহ ০২ জন।	আসামি মোঃ মোজাহার আলীসহ ০২ জনকে দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারায় ১০ বছর করে সশ্রম কারাদণ্ডসহ ১০ লক্ষ টাকা করে জরিমানা এবং দণ্ডবিধির ৪২০/১০৯ ধারায় ০৭ বছর সশ্রম কারাদণ্ডসহ ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ০১ বছর বিনশ্রম কারাদণ্ড প্রদান। বর্ণিত সাজা একটার পর একটা চলবে।
মোসাঃ মাহমুদা সুলতানা, সাবেক মাঠ সংগঠক (সাময়িক বরখাল্ত) বিআরডিবি, গাজীপুরসহ ০২জন।	আসামি ফরিদা ইয়াসমিন ও মোসাঃ মাহমুদা সুলতানাকে ০৫ বছর করে বিনশ্রম কারাদণ্ডসহ ১০ লক্ষ টাকা করে জরিমানা অনাদায়ে আরও ০৬ মাস বিনশ্রম কারাদণ্ড প্রদান।
মোঃ মোস্তাফিজুর রহমান, প্রোঃ মেসার্স অর্ক ফ্যাশন, ঢাকাসহ ০৩ জন।	আসামি মোঃ মোস্তাফিজুর রহমানকে ১০ বছরের সশ্রম কারাদণ্ডসহ ১০ লক্ষ টাকা জরিমানা অনাদায়ে আরো ০১ বছরের বিনশ্রম কারাদণ্ড প্রদান।

দুর্নীতির কোনো ঘটনার প্রতিকার ও প্রতিরোধের জন্য যেকোনো ফোন থেকে দুদকের অভিযোগ কেন্দ্রের

১০৬

হটলাইন-১০৬

নম্বরে ফ্রি কল করুন।

দুর্নীতি দমন কমিশনের অভিযোগ কেন্দ্রে নিচের দুর্নীতির অভিযোগ সম্পর্কে জানাতে কল করুন



দুর্নীতি দমন কমিশন

দুর্নীতির অপরাধ

- দুস
- অবৈধ সম্পদ অর্জন
- অর্থপাচার
- ক্ষমতার অপব্যবহার
- সরকারি সম্পদ ও অর্থ আত্মসাৎ

দুদক বাতী



# আলোচনা-অভিযান



দুর্নীতি দমন কমিশনের সেমিনারে বক্তব্য রাখছেন  
দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ।



দুর্নীতি দমন কমিশনে নব যোগদানকৃত  
কর্মচারীদের জন্য ওরিয়েন্টেশন কোর্স।



দুদক অভিযোগকেন্দ্র-১০৬-এ  
অভিযোগের ভিত্তিতে তাৎক্ষণিক অভিযান।



দুদক অভিযোগকেন্দ্র-১০৬-এ  
অভিযোগের ভিত্তিতে তাৎক্ষণিক অভিযান।



দুর্নীতি দমন কমিশনের সচিব মুহাম্মদ দিলোয়ার বখত পদোন্নতি পেয়ে সরকারের  
সিনিয়র সচিব হিসেবে ১৬ অক্টোবর দায়িত্বভার গ্রহণ করেন।

মানুষ ঘুষ দেয়া বন্ধ করলে, ফাইল আটকে রাখারও অবসান ঘটবে **দুর্নীতিকে না বলি**